

মালেমত্রা অর্থসার
চাক্মা লুরি

কল্পতরু বই পিডিএফ প্রকল্প

কল্পতরু মূলত একটি বৌদ্ধধর্মীয় প্রকাশনা প্রতিষ্ঠান। ২০১৩ সালে "হৃদয়ের দরজা খুলে দিন" বইটি প্রকাশের মধ্য দিয়ে এর যাত্রা শুরু। কল্পতরু ইতিমধ্যে অনেক মূল্যবান ধর্মীয় বই প্রকাশ করেছে। ভবিষ্যতেও এ ধারা অব্যাহত থাকবে। কল্পতরু প্রতিষ্ঠার বছর খানেক পর "kalpataruboi.org" নামে একটি অবাণিজ্যিক ডাউনলোডিং ওয়েবসাইট চালু করে। এতে মূল ত্রিপিটকসহ অনেক মূল্যবান বৌদ্ধধর্মীয় বই pdf আকারে দেওয়া হয়েছে। সামনের দিনগুলোতে ক্রমান্বয়ে আরো অনেক ধর্মীয় বই pdf আকারে উক্ত ওয়েবসাইটে দেওয়া হবে। যেকেউ এখান থেকে একদম বিনামূল্যে অনেক মূল্যবান ধর্মীয় বই সহজেই ডাউনলোড করতে পারেন। আমাদের একমাত্র উদ্দেশ্য হচ্ছে, বর্তমান আধুনিক প্রযুক্তির যুগে লাখো মানুষের হাতের কাছে নানা ধরনের ধর্মীয় বই পৌঁছে দেওয়া এবং ধর্মজ্ঞান অর্জনে যতটা সম্ভব সহায়তা করা। এতে যদি বইপ্রেমী মানুষের কিছুটা হলেও সহায় ও উপকার হয় তবেই আমাদের সমস্ত শ্রম ও অর্থব্যয় সার্থক হবে।

আসুন ধর্মীয় বই পড়ুন, ধর্মজ্ঞান অর্জন করুন!
জ্ঞানের আলোয় জীবনকে আলোকিত করুন!

This book is scanned by Jinakallyan Bhante

মালেনত্রা অর্থসার

সংকলনেঃ

শ্রী আঙু ফুল চাঁন কার্বারী (আগর শাস্ত্রী)

সম্পাদনায়ঃ

ইন্দ্র লাল চাকমা বি,এ, বিএড্

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

(চঃদাঃ) অবসর প্রাপ্ত।

সহযোগিতায়ঃ

প্রসন্ন কুমার চাক্মা

সভাপতি

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি

রাঙ্গামাটি পার্বত্য জেলা শাখা।

প্রথম প্রকাশ ঃ
চৈত্র ১৪১০ বাংলা, বিঝু উপলক্ষে।

প্রকাশনায়ঃ
মিসেস্ তৃপ্তি চাকমা, মাঝেরবস্তী, রাঙ্গামাটি।

গ্রন্থ স্বত্বঃ
সম্পাদক

প্রচ্ছদ ও অলংকরণঃ
গৌতম মুনি চাকমা

মুদ্রণ তত্বাবধাঃ
প্রসন্ন কুমার চাকমা

কম্পিউটার কম্পোজ ঃ
রোন্টু চাকমা, বাপ্পি এন্টারপ্রাইজ,
নিউ কোর্ট রোড, রাঙ্গামাটি।

কম্পিউটার গ্রাফিক ডিজাইন ঃ
সিবলী অফসেট প্রেস, কাকলী মার্কেট,
কাঁঠালতলী, রাঙ্গামাটি। ফোন ঃ ৬১৮৮২

প্রাপ্তিস্থানঃ
- পার্বত্য লাইব্রেরী, কোর্ট রোড, খাগড়াছড়ি বাজার।
- ছড়াথুম লাইব্রেরী, বনরূপা বাজার, রাঙ্গামাটি।
- বই জগৎ, বনরূপা, রাঙ্গামাটি।

মূল্য ঃ)৭৫.০০ টাকা

উৎসর্গ

শ্রীযুক্ত আঙু ফুল চাঁন কার্বারী (আগর শাস্ত্রী) যিনি চাকমা জাতির ইতিহাস, আদি ধর্মগ্রন্থ আগরতারা ও সংস্কৃতি রক্ষার জন্য আজীবন পরিশ্রম করে গেছেন তাঁরই পূণ্য স্মৃতির উদ্দেশ্যে এই বহিটি উৎসর্গ করা হল।

তাঁরই গুণমুগ্ধ,
ইন্দ্র লাল চাকমা।

সূচীপত্র

ক্রঃ নং- বি ষ য়		পৃষ্ঠা	
১। ভূমিকা •		৫-৭	
২। চাকমা জাতির জীবন ধারা		৮-১২	
৩। আগর তারার সংক্ষিপ্ত বিবরণ।		১৩-১৫	
মালেত্রা অর্থসার	চাকমা	রোমান	বাংলা
৪। ১নং মার্গ গাথা বা মুক্তি	১৬,১৭	১৮,১৯	২০,২১
৫। ২নং বগলি গাথা	২২	২৩	২৪
৬। ৩নং অনুদান গাথা	২৫,২৬	২৭,২৮,২৯	৩০,৩১,৩২
৭। ৪নং আরেতালু গাথা	৩৩,৩৪	৩৫,৩৬	৩৭,৩৮
৮। ৫নং অন্নরাদ গাথা	৩৯,৪০	৪১,৪২	৪৩
৯। ৬নং তামা পেঞা গাথা	৪৪	৪৫,৪৬	৪৭
১০। ৭নং রনতা বসুস গাথা	৪৮	৪৯	৫০
১১। ৮নং ওয়া গাথা	৫১	৫২	৫৩
১২। ৯নং চালেচা গাথা	৫৪, ৫৫	৫৬,৫৭	৫৮,৫৯
১৩। ১০নং সামিন্তি গাথা	৬০	৬১	৬২
১৪। ১১নং দোদেস্য গাথা	৬৩,৬৪	৬৫,৬৬	৬৭,৬৮
১৫। ১২নং তামা পেঙা গাথা	৬৯,৭০	৭১,৭২	৭৩
১৬। ১৩নং অনুরাদ গাথা	৭৪	৭৫	৭৬
১৭। ১৪নং গজেন্ পুইলি	৭৭	৭৮	৭৮
১৮। ১৫নং দেব গাথা	৭৭	৭৯	৮০
১৯। ১৬নং দেবরাজ গাথা	৮১,৮২	৮৩,৮৪	৮৫,৮৬
২০। ১৭নং জম্বুদীব গাথা	৮৭	৮৮	৮৮,৮৯
২১। ১৮নং জম্বুদি গাথা	৯০	৯১	৯২
২২। ১৯নং নরগি গাথা	৯৩,৯৪	৯৫,৯৬,৯৭	৯৮,৯৯
২৩। ২০নং রান্দু পালং গাথা	১০০,১০১	১০২,১০৩	১০৪,১০৫
২৪।২১নং পাইল্যাং গাথা	১০৬,১০৭	১০৮,১০৯	১১০,১১১
২৫। ব্রাহ্মীলিপির ক্রমে বিবর্তন	১১২,১১৩		
২৬। সহায়ক গ্রন্থ সমূহ	১১৪		

ভূমিকা

চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ আগর তারা চাকমা জাতির ঐতিহ্য ও গৌরব। এই নিয়ে ঐতিহাসিকদের নানা অভিমত, নানা আলোচনা ও সমালোচনা রয়েছে।

আগর তারা, আঘর তারা, আখর তারা নামের কোনটি সঠিক নাম হবে তা নিয়ে বিতর্ক দেখা দিতে পারে। বাংলা বিশ্বকোষ অনুসারে শেষোক্ত আখর অর্থে কীর্তন গানের আলঙ্কারিক ক্রিয়া। গানের বিশেষ কথার দ্বারা ভাব প্রকাশ করা বুঝায় আর "তারা" অর্থ হিন্দু ৩ দশ মহাবিদ্যার ২য় মহাবিদ্যা। দেখা যায় যে, আগর তারা লেখাগুলোতে কোন দাড়ি, কমা ইত্যাদি নাই। প্রত্যেকটি শব্দকে ২ দাড়ি দ্বারা সীমাবদ্ধ করা হয়েছে। রাউলীরা আগর তারা পড়ার সময় প্রত্যেকটি শব্দ একটা সুর করে পড়ে থাকেন। তাতে মনে হয় "তারা" অর্থটি ঐ মন্ত্র বা মহাবিদ্যা হতে গ্রহণ করা হয়েছিল।

আমার আলোচ্য "মালেন তারা" গ্রন্থটি আগর তারার একটি অংশ মাত্র। ইহাতে ২১ টি গাথা আছে। এ মন্ত্রগুলো মৃত লোকের সৎকার উদ্দেশ্যে বিভিন্ন সময়ে বিভিন্ন কাজে ব্যবহৃত হয়। সাধারনতঃ রাউলী বা লুরিরা ধর্মীয় কাজ করার সময় এ মন্ত্রগুলি পাঠ করে থাকেন। বর্তমানে বৌদ্ধ ভিক্ষুরা ধর্মীয় কাজ সমাধা করার সময় যা করেন, মূলতঃ রাউলীরা পূর্বে তা করতেন।

বর্তমান দিঘীনালা উপজেলার ছোট মেরুং মৌজার চোংড়াছড়ি গ্রামের অধিবাসী শ্রীযুক্ত বাবু আঙু ফুল চান কার্বারী, যাঁর জন্ম ১৮৯৮ ইং সনের ৩০ শে চৈত্র, তিনি ১৯৬৪ ইং সনে নিজ হাতের লেখায় চাকমাদের আদি ধর্ম গ্রন্থ আগর তারার একটি পান্ডুলিপি রেখে গিয়েছেন। পান্ডুলিপিখানা বর্তমানে রাঙ্গামাটি উপজাতীয় সাংস্কৃতিক ইনষ্টিটিউটের লাইব্রেরীতে সংরক্ষিত আছে। উক্ত পান্ডুলিপিতে ২৮ টি তারার মধ্যে চাকমা লেখায় ২৭ টি এবং বাংলা কবিতায় ছন্দে কর্মফুলু তারা লেখা আছে। চাকমা লেখার মধ্যে আবার "মালেন তারা অর্থসার" নামে মালেন তারার গাথাগুলোর চাকমা ভাষায় ব্যাখ্যা দেওয়া আছে। আমার মনে হয় উহার দ্বারা উক্ত গাথাগুলোর শাব্দিক অনুবাদ হয় নাই। শুধুমাত্র ভাবের কিঞ্চিৎ অনুবাদ হয়েছে। আমারও ইচ্ছা ছিল না যে, এ দূরূহ অনুবাদ কাজে হাত দিয়ে সমালোচিত হই। কিন্তু ইহাও সত্যি যে এ ব্যাপারে; এ যাবত কোন লোক এগিয়ে আসেন নাই। শুধুমাত্র আঙু ফুল চান বাবুর দীর্ঘদিনের সংগ্রহ সেই দুর্মূল্য পুস্তকখানা জাদুঘরের চার দেওয়ালের মধ্যে বন্দী অবস্থায় অশ্রু বিসর্জন করছে মাত্র। তাই জাতীয় বিবেকের তাড়নায় শেষে এ কাজটি শুরু করার সিদ্ধান্ত নিলাম। মনে আশা রইল যে, পুস্তকারে ইহা ছাপানো হলে ভুল ভ্রান্তি সংশোধন করার জন্য অনেকেই এগিয়ে আসবেন। ফলে ইহার একটি নিখুঁত পুস্তক

পাওয়া যাবে যা চাকমাদের জাতীয় গৌরবের বিষয় হবে। দ্বিতীয়তঃ এই পান্ডুলিপিখানা পড়ে ইহার মধ্যে আমি সহস্র বৎসরের চাকমা জাতির গৌরবের ইতিহাস খুঁজে পাই ও শুনতে পাই ইহাতে হাজার বৎসরের প্রবাহিত নদীর কলতান। অতি সম্প্রতি কোলকাতা হতে প্রকাশিত শ্রীযুক্ত বাবু চিত্ত রঞ্জন চাকমার "জীব কল্যাণে গৌতম বুদ্ধের মানবতা" গ্রন্থে তিনি এশিয়া মহাদেশের বিভিন্ন জাতির লেখার মধ্যে যে বিবর্তন দেখিয়েছেন তাতে চাকমা লেখার সাথে অহোম, শান, খামতি, বার্মা, বাই, খুন জাতির লেখার মিল রয়েছে।তাতে মনে হয় আগর তারার দুর্বোধ্য অর্থগুলো ঐ সমস্ত ভাষায় লুক্কায়িত রয়েছে।

আগর তারার অনুসন্ধানে চাকুরীতে অবসর গ্রহনের পর জ্ঞান চর্চা করতে গিয়ে চাকমা জাতির উদীয়মান বিখ্যাত গীতিকার ও বহুগ্রন্থ প্রণেতা বর্তমান রাঙ্গামাটি সাংস্কৃতিক ইনষ্টিটিউটের ভারপ্রাপ্ত পরিচালক বাবু সুগত চাকমার শরণাপন্ন হলে তিনি তাঁর প্রতিষ্ঠানের বিশাল গ্রন্থপুঞ্জী ও জাদুঘরে সংরক্ষিত পান্ডুলিপি ও উপজাতি সংস্কৃতির বিভিন্ন তথ্যাদির সাথে আমাকে পরিচয় করে দেন। তাই উক্ত পান্ডুলিপির একটি ছায়ালিপি পাওয়ার প্রার্থনা জানালে তিনি তা দয়া পরবশে মঞ্জুর করেন। তিনি ইহাও দুঃখ প্রকাশ করে বলেন যে, উপজাতিদের মধ্যে বই সংগ্রহ ও পড়ার অভ্যাস এখনো গড়ে উঠে নাই। আমি তাঁর উৎসাহে উৎসাহী হয়ে বাবু আঙু ফুল চান কার্বারীর বইখানি তাঁরই লেখা অনুসারে বাংলা অনুবাদ করার সাহস পেলাম। এ কাজে সাহায্যের জন্য আমি বাবু সুগত চাকমার নিকট ঋণী রইলাম। উল্লেখ্য যে, এ পান্ডুলিপি ছাড়াও এই জাদুঘরে জনৈক শিয়াল্যা কর্তৃক সংগৃহীত তালপাতার উপর লিখিত ১৮৬৮ ইং সনের একখানা পান্ডুলিপি আছে। সম্ভবত উহাই প্রাচীনতম পান্ডুলিপি হবে।

চাকমা একটি উদীয়মান জাতি। বর্তমান বিশ্বে বিভিন্ন দেশে যে যেখানে বাস করছেন তাঁরা সবাই নিজের অস্তিত্ব বজায় রেখে চলছেন বলে জানা যায়। তাই আমার আশা একদিন নিজেকে হারিয়ে খুঁজি অবস্থায় নিজের অস্তিত্ব খুঁজে নেওয়ার চেষ্টা করবে তারা জাতির অতীত পদচিহ্ন অনুসরণ করে। আমি এই পান্ডুলিপিখানা রোমান অক্ষরে শাব্দিক উচ্চারণ লিপিবদ্ধ করেছি। উদ্দেশ্য ইহার বিশ্বজনীন প্রচার এবং শব্দগুলোর অর্থ কোন জাতির কাছে জানা থাকলে তাদের কাছ থেকে প্রতিধ্বনী পাওয়ার।

এ প্রসঙ্গে আরও উল্লেখ থাকে যে এ পান্ডুলিপিখানির ছায়ালিপি গ্রহণ করার পর আমি স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ ও নিবু নিবু অবস্থায় জীবিত চাকমা রাউলী, ফুরামোন চুকের ধন্ধু চাকমা, মানিকছড়ি নিবাসী চিরদিন চাকমা, কুড়ামারা গ্রামের ফালগুনী চাকমা, ফুল কুমার চাকমা, ভগবান চাকমা বৈদ্য, প্রমুখ প্রবীণ ব্যক্তিদের সাথে আলাপ করি। তাঁরা অনেকেই একটা মধুর সুরতানে আগর তারার গাথাগুলো মুখস্ত বলতে পারেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ ইহার অর্থ তাঁরা বুঝেন না এবং বুঝারও চেষ্টা করেন না।

মালেনত্রা অর্থসার

"এ মন্ত্র পড়ে ধর্মীয় কার্যাদি সম্পন্ন করে পিতৃ, মাতৃ ও জ্ঞাতিকুল উদ্ধার করা যায়। ইহার অর্থ বুঝার কি আছে? মন্ত্র তো মন্ত্রই, দেবতার বাক্য".এই হচ্ছে তাদের মত। সরল বিশ্বাসে ধর্মীয় রীতিনীতি পালনই তাদের মুখ্য বিষয়।

তবু জানা দরকার ইহার অর্থ। তা নাহলে স্বর্গীয় বিরাজ মোহন দেওয়ান মহোদয় তাঁর প্রকাশিত চাকমা জাতির ইতিবৃত্তে আগর তারা সম্বন্ধে লিখেছেন, "প্রাচীন চাকমা সমাজে বহু শতাব্দী পর্যন্ত এ তারাগুলি মহাগ্রন্থ ত্রিপিটক শাস্ত্রেরই বিকৃত সংস্কাররূপে চলিয়া আসিতেছে। বিশ্বাস চতুর্দশ শতাব্দীর পূর্ব হতে এগুলি বার বার রচনা করায় তার বিকৃত অবস্থা ঘটিয়াছে" বলে আর তিনি অগ্রসর হন নাই।

জার্মান নৃতত্ত্ববিদ হেইন বেচার্ট ঊনবিংশ শতাব্দীতে গবেষণার পর আগর তারা সম্বন্ধে মন্তব্য করেছেন-

The Language of these books is not understood today and they are written in Chakma Alphabets which shows similarities to Shan earlier Burmese alphabets, from an anylysis of these texts it becomes clear that they consist of excerpts from pali texts and passages in an unknown language which seems to belong to Sinto.Tibetan group of language. The Extreme distortion of the text in the manuscript available today has made impossible so far to classify this language beyond doubt.

অর্থাৎ চাকমা আগর তারার ভাষা বিভিন্ন জাতির ভাষায় সংমিশ্রণ হওয়ায় জগা খিচুড়ী হয়েছে। তাই দুর্বোধ্য বলে আর তিনিও অগ্রসর হন নাই।

পরিশেষে জাতির কাছে আমার আবেদন, আমাদের সম্বন্ধে বিভিন্ন সুসভ্য জাতির গবেষকগণ বিভিন্ন মন্তব্য করেছেন। এখন নিজের সম্বন্ধে মন্তব্য করার সময় এসেছে। তা না হলে অপ্রয়োজনীয় বলে হারিয়ে যাবে জাতীয় সম্পদ এ মহা মূল্যবান গ্রন্থটিও। সাথে সাথে হারিয়ে যাবে জাতির অস্তিত্ব। তাই এই গ্রন্থের অনুবাদ আমরা "শুরু" করেছি "সারা" করবে আমাদের উত্তর সুরিরা। এ আশা রইল।

তারিখ ঃ- ২২-০৩-২০০৪ ইং

ইন্দ্র লাল চাকমা
সম্পাদক
মাঝেরবস্তী, রাঙ্গামাটি।

মালেনত্রা অর্থসার

চাকমা জাতির জীবন ধারা ও আগর তারার শিক্ষা

"আগর তারা" সমকালীন চাকমাদের সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা পর্যালোচনা করলে দেখা যায় যে, তাদের সমাজ ব্যবস্থায় আলাদা একটা বৈশিষ্ট্য রয়েছে।

"ধুধুক নাতুক নাটুক টুক
তেত্রে নাটুক তেত্রে টুক।
বাদই বদা চিদিরা ধুপ
টুটুক টুক, টুটুক টুক।
লাগত ন পেলে মনত দুক
লাগত পেলে মনত সুখ
ধুধুক নাতুক টুটুক টুক।"

কে ঐ বাজায় ঐ তালে তাল? চাকমা যুব সম্প্রদায় ঐ তালে ধুধুক বাজায়। একটা বড় বাঁশের চোঙ্গা ঢোল বানিয়ে উহা বাদকের পেটের সঙ্গে আড়াআড়ি বেঁধে তিনটি কাঠি দিয়ে এই ঢোল বা ধুধুক বাজানো হয়। ঢোলের তালে তাল বাজানোর সঙ্গে সঙ্গে হর্ষোৎফুল্ল যুবক-যুবতীরা আনন্দ ধ্বনি দিয়ে উঠে।

ইহার পর চাকমা গেংখুলীর বেহুলার সুর বাজে অতি ক্লান্ত সুরে।

"বেলা বেই নে- নে- নে
যেবেনে ম-লগে যেবে নে।
বেলা কামিলা ঘরা কেচ
জুরেল মেইয়া পরা বেচ।
নে- নে গরানান নে- নে- নে।"

গেংখুলীর গান ও বেহুলার এই সুর বাজানোর সাথে সাথে আবারও হর্ষ্যেৎফুল্ল যুবক যুবতীরা আনন্দ ধ্বনি রেইং দিয়ে উঠে। তারা এই উৎসবের আয়োজন করেছে জুম ধানের নবান্ন দিনে পাড়ার কার্বারীর ঘরে; কার্তিক মাসের ফুটফুটে জ্যোৎস্না রাতে।

পাহাড়ের পাদদেশে রুমঝুম ঝর্ণা ধারা প্রবাহিত ছড়ার ধারে চাকমা জুমিয়া পাড়ার অধিবাসীরা অনাবিল শান্ত পরিবেশে বাস করে শান্তিপূর্ণভাবে। মৌজার হেড্‌ম্যান তাদের এলাকার সীমানা দেখিয়ে দিয়ে গেছেন, "অমুক ছড়া হতে অমুক পাহাড় পর্যন্ত তোদের জুম এলাকা।" তারা হেড্‌ম্যানের দেয়া এই অঙ্গীকার তাদের জমির অধিকার মনে করে এই জায়গায় বংশানুক্রমিক জুম চাষ করে জীবিকা নির্বাহ করে আসছে।

তারা তাদের জুম পাহাড়ের জমি বন্দোবস্ত নেওয়ার কথা কেউ ভেবে দেখে নাই। রাজার কাজ রাজায় করে। এতে প্রজাদের ভাবনা কি?

পাড়ার চাকমা যুবকদের মধ্যে মুলুক চাঁন, রাঙা উদা, কালা চাঁন, বাদি মুয়া, বড় পেদা, ইন্দ্র জয় এবং মেয়েদের মধ্যে কালাবি, ধনপতি, তান্যেবি, মালতি ইত্যাদি নামের ছেলেমেয়েরা বাস করে।

পাড়ায় বাস করেন একজন মোড়ল বা কার্বারী। গ্রামের ছোট খাট মামলা, ঝগড়া-ঝাটি সাধারণতঃ প্রাথমিকভাবে তিনিই সমাধা করে থাকেন।

পাড়ায় বাস করেন একজন ওঝা বা বৈদ্য। তিনি হলেন মন্ত্রসিদ্ধ। ঝাড় ফুঁক, অসুখের সময় ঔষুধ দেওয়া, বিবাহের কাজ সম্পন্ন করা ইত্যাদি তার কাজ। তাছাড়া পাড়ার অপদেবতা তাড়ানো, গৃহ শান্তি "ঘর বন" করেন তিনি। আর একজন প্রয়োজনীয় মহিলা আছেন তিনি হলেন মহিলা ওঝা। তিনিও মন্ত্রসিদ্ধা। পাড়ার কোন মেয়ে সন্তান সম্ভবা হলে জন্মের তিন মাস আগে হতে তিনি তার দেখাশুনা করেন এবং শিশু জন্মের পর নাড়ি কাটা পর্যন্ত তার কাজ ও দায়িত্ব থাকে। পাড়ার মধ্যে আর একজন লোক থাকেন তিনি হলেন গেংখুলি। বেহুলা, ধুধুক, খেংগ্রং, বাঁশি বাজান এবং গান শিক্ষা দেওয়া তার কাজ। পাড়ার প্রতি উৎসবের সময় তিনি গেংখুলি গীত গেয়ে পাড়ার লোকজনকে মাতিয়ে রাখেন।

চাকমাদের সবচেয়ে শ্রদ্ধেয় একজন লোক যিনি পাড়ার বাহিরে সাধারণতঃ ছড়ার উপরিভাগে নির্জন স্থানে একাকী বাস করেন। তিনি সংসার ত্যাগী সাধু ও মন্ত্রসিদ্ধ পুরুষ। তিনি চাকমাদের আগর তারা শাস্ত্রের ধারক ও বাহক। তার নাম লুরি। কোন লোকের মৃত্যু হলে তার সৎকার ও অন্যান্য ধর্মীয় কাজ তিনি করে থাকেন। চাকমা সমাজ ব্যবস্থায় তৃণমূল পর্যায়ে পাড়ার কার্বারী, খীসা, মৌজার দেওয়ান, তালুকদার এবং রাজ্যের রাজা এই তিন স্তর বিশিষ্ট শাসন ব্যবস্থায় চাকমা রাজ্য পরিচালিত হয়।

চাকমা উপজাতি স্বভাবে খুবই সরল। অন্যান্য মঙ্গোলিয়ান জাতীয় চেহারার মত তাদের চেহারা। তবে অবিশ্বাস্যভাবে তাদের ভাষা আর্য বাংলা ভাষারই অপভ্রংশ। অন্যান্য আদিম উপজাতিয়দের মত তাদের সামাজিক আচার অনুষ্ঠানাদিতে আদিমতা নেই। তাদের চাল চলন, আচার আচরণ, ভদ্র ও মর্জিত। পোষাক পরিচ্ছদে শালীনতা বোধ। অতীতে পুর্বপুরুষদের মাথায় থাকত পাগড়ী, গায়ে পরনে ছিল কোমর তাঁতে বোনা জামা ও হাঁটু পর্যন্ত ঢাকা মোটা কাপড়ের মালকোঁচা গামছা ও মহিলাদের পরনে ছিল গোড়ালী পর্যন্ত ঢাকা নক্সাকাটা পিনন, বুক বাঁধার হাদি, গায়ে জামা এবং মাথায় খবং বা পাগড়ী। বিবাহিত রমণীরা গলায় হাঁসুলী, বাহুতে তাজজোড় পায়ে ৪০ তোলা

ওজনের মল, নাকে ও কানে রূপা বা স্বর্ণালঙ্কার পরিধান করত। আদিম উপজাতিয়দের মত পুঁতির মালা, ইয়া বড় কানের দুল পরিধান করত না। চাক্মা উপজাতিয়রা হাতে পায়ে উলকি আঁকা পছন্ড করত না।

চাক্মারা ধুমপান করতে পছন্ড করে। তাৎক্ষণিক ক্ষেত্রে প্রাপ্ত বাঁশ দিয়ে তৈরী বাঁশের হুকা গ্রামাঞ্চলে প্রত্যেক ঘরে পাওয়া যায়। তবে চুরুৎ, টুবি নামীয় এক প্রকার লম্বা নল বিশিষ্ট কলকেতে কড়া তামাক পাতায় তারা ধুমপান করে না। মদ্য পানের মধ্যে ধেনো মদ এবং মদ তৈরীর জন্য রাখা ভাতের রস জোগারা তারা পান করে। আফিং, ভাং, গাঁজা ইত্যাদিতে চাক্মারা আসক্ত ছিল না।

ধেনো মদ চাক্মা সাংস্কৃতিক মূল্যবান উপহার হিসাবে বিবেচিত। মৌজার হেড্ম্যান, রাজা বা কুটুম্বগৃহে যাওয়ার সময় মদ নিয়ে যেতে হয়। বিবাহ বন্ধনে ও সামাজিক অনুষ্ঠানে মদ একটি উপাদেয় পানীয় হিসাবে প্রচলিত। চাক্মা বৈদ্যদের ভেষজ চিকিৎসায় ভুত ও দেবতার উদ্দেশ্যে মদ উৎসর্গ চিকিৎসার একটি অঙ্গ হিসাবে ব্যবহৃত হয়।

চাকমাদের খাদ্যের বেলায় অনেক প্রাণীর মাংস খাওয়া নিষিদ্ধ। যেমন- কুকুর, বিড়াল, বানরের মাংস চাক্মারা খায় না। অনেকে গো মাংস ও খায় না। অর্ধসিদ্ধ শাক তাদের খুবই প্রিয় খাদ্য।

পৃথিবীর নানা জাতির বৈচিত্র্যের মধ্যে, রাষ্ট্রের উত্থান পতন ও ভাঙ্গা গড়ার মধ্যেও চাকমা সম্প্রদায় এখনো আপন বৈশিষ্ট্য নিয়ে টিকে আছে। ইতিহাস হতে জানা যায় বার্মার আরাকান অঞ্চলে অবস্থানের সময় যুদ্ধ বিগ্রহে অনেকে বিচ্ছিন্ন হয়ে চট্ট গ্রামের দক্ষিণে টেকনাফ, মাতামুহুরীর তীরে আলীকদম ও লামা অঞ্চলে এসে পড়েছিল। টেকনাফের সমুদ্র তীরে ছিন্ন বিচ্ছিন্ন রণক্লান্ত চাক্মারা দৈননাগ তঞ্চঙ্গ্যা ও আনক্যা চাক্মা নামে দুভাগে বিভক্ত হয়ে গেল। বঙ্গোপসাগরের উত্তাল ঢেউ ও ঝাউ বনের ছনছন শব্দে হারিয়ে গেল তাদের দুঃখ দুর্দশার ইতিহাস ও সঙ্গে রাখা তাদের যাবতীয় ঐতিহাসিক তথ্য।

চাক্মা উপজাতি একদিকে উর্বর পাহাড়ের জুম চাষ অপরদিকে যাযাবর প্রকৃতির কারণে এক স্থান হতে অন্য স্থানে স্থানান্তর হওয়ায় ক্রমে তারা অবলুপ্তির পথে এগিয়ে চলেছে। বর্তমানে ক্ষুদ্র উপজাতি হিসাবে ভারত ও বাংলাদেশের একটা বিরাট এলাকায় বিচ্ছিন্নভাবে চাক্মারা বসবাস করছে।

১৯৪৭ ইংরেজীতে দেশ বিভাগের সময় অনেক চাক্মা ভারতে চলে যায়। ১৯৬০ ইংরেজীর কাপ্তাই বাঁধের ফলে অধিকাংশ চাক্মা রাঙ্গামাটির নিজ এলাকা হতে উদ্বাস্তু হয়ে কাচালং, রামগড়, দিঘীনালা, খাগড়াছড়ি, পানছড়ি, বান্দরবান জেলায় চলে

যায়। তার উপর ১৯৬৪ ইং সনে ঘটে এক স্মরণীয় ঘটনা। তদানীন্তন ভারত পাকিস্তান বৈরিতার সুযোগে পার্বত্য চট্টগ্রাম হতে প্রায় ৪০ হাজার চাক্‌মা শরণার্থী হয়ে ভারতে চলে যায়। তারা এখন বিচ্ছিন্নভাবে কাছার, অরুণাচল, আসাম, ত্রিপুরা ও মিজোরাম ইত্যাদি অঞ্চলে বসবাস করছে এবং ক্রমে হারিয়ে যাচ্ছে।

বর্তমান পার্বত্য চট্টগ্রামে চাকমারা বাংলাদেশের বৃহত্তর জনগোষ্ঠীর সাথে শতাব্দীকাল ধরে মিলেমিশে সাম্প্রদায়িক সম্প্রীতির মধ্যে সুখে শান্তিতে বসবাস করছে। বৃটিশ শাসনামলে আইনগতভাবে পার্বত্য চট্টগ্রাম ও চাকমা রাজ্য স্বীকৃতি পাওয়ার পর হতে বিশ্বের যে যেখানে চাকমা বাস করুক না কেন ঘুরে ফিরে তারা বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামকেই মাতৃভূমি মনে করে।

চাকমারা তাদের ফেলে আসা চম্পকনগর, স্বর্গীয় রাজা সাদেংগিরি, উদয়গিরি, বিজয়গিরি, ও বীর সেনাপতি রাধামনের নাম প্রত্যেক চাকমার সুখ স্মৃতি বহন করে। চাকমা জাতির উত্থান পতন এবং স্বর্গীয়া রাণী কালিন্দীর নাম ও তারা এখনো শ্রদ্ধাভরে স্মরণ করে। রাণী কালিন্দীর সময় চাকমারা পুরাতন মহাযানী ধর্ম পরিত্যাগ করে বর্তমান হীনযানী ধর্ম গ্রহণ করে।

বর্তমান যুগ চাকমা জাতির ইতিহাসে সবচেয়ে গুরুত্বপূর্ণ ও গৌরবময় যুগ হিসাবে পরিচিত। কারণ এ সময়ে জন্ম নিয়েছেন চাকমা সম্প্রদায়ের বৌদ্ধ আধ্যাত্মিক গুরু পরম শ্রদ্ধেয় আর্যপুরুষ শ্রীমৎ সাধনা নন্দ মহাস্থবির বনভন্তে। পাশাপাশি পার্বত্য ভিক্ষু সংঘের অনেক জ্ঞানী গুনী পন্ডিত ভিক্ষু।

চাকমা জাতির পতিভূ স্বনামধন্য রাজা ব্যারিষ্টার শ্রীযুক্ত দেবাশীষ রায় জাতীয় উন্নতির ব্যাপারে সর্বদা সচেতন রয়েছেন। তিনি একজন ইংরেজী ভাষায় সুলেখক হিসেবেও সুপরিচিত।

১৯৯৭ ইং সনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সহিত পার্বত্য শান্তিচুক্তির প্রবক্তা আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন রাজনৈতিক নেতা শহীদ শ্রীযুক্ত মানবেন্দ্র নারায়ন লারমার অনুজ বর্তমান পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের মাননীয় চেয়ারম্যান শ্রীযুক্ত জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা ওরফে সন্তু পার্বত্য চট্টগ্রামের আদিবাসী তথা বাংলাদেশের সকল আদিবাসীর স্বার্থ রক্ষার ব্যাপারে সোচ্চার আছেন। স্বজাতির রাজনৈতিক অধিকার, ধর্ম, কৃষ্টি ও সংস্কৃতির রক্ষার্থে তিনি সচেতন আছেন। তাছাড়া পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাক্তন মাননীয় মন্ত্রী কল্প রঞ্জন চাকমা ও বর্তমান মাননীয় উপ-মন্ত্রী মনি স্বপন দেওয়ানের নাম বিশেষ স্মরণীয়।

এই প্রেক্ষাপটে চাকমাদের আদি ধর্মগ্রন্থ আগর তারার ভাষা দুর্বোধ্য, তাই পরিত্যাক্ত- একথাটি গ্রহণযোগ্য নহে; বরং জাতির জন্য কলংকজনক। আসলে আগর

তারা গ্রন্থটি পবিত্র ত্রিপিটক শাস্ত্রের বিরুদ্ধ নহে; বরং সহযোগী। স্মরণাতীতকাল হতে ইহা চাকমা জাতিকে দিক নির্দেশনা দিয়েছে, প্রেরণা যুগিয়েছে সামনে এগিয়ে যাওয়ার এবং সর্বোপরি পরকালের মুক্তির পথ দেখিয়েছে ধর্মাচরণ শিক্ষা দ্বারা।

আগর তারায় উল্লেখিত সেই আরিয়া মিডিঙা যুগ সম্মুখে উপস্থিত। সেই যুগে ধর্ম অধর্মের পরিচিতি থাকবে না, রাজার রাজ্য শাসন থাকবে না, চারিদিকে অরাজকতা বিরাজ করবে। তখন নরকের পথ উন্মুক্ত হবে এবং স্বর্গের দ্বার হবে রুদ্ধ।

সেই যুগ হতে মুক্তির জন্য চাকমাদের মহাগ্রন্থ আশার বাণী শুনায়, "যারা তখন বুদ্ধের নীতি পঞ্চশীল কায়মন বাক্যে পালন করবে তারা বেঁচে যাবে, পাপীরা ধ্বংস হবে"।

=০=

আগর তারার সংক্ষিপ্ত বিবরণ

নমো তস্‌স্ ভগবতো আরহতো সম্মা সম্বুদ্ধাস্‌স্।
সেই ভগবান অর্হত সম্যক সম্বুদ্ধগণকে নমস্কার।

চাকমাদের প্রাচীন ধর্মগ্রন্থ আগর তারায় ২৮ টি তারা আছে। উহার প্রত্যেকটি তারায় এক একজন সম্যক সম্বুদ্ধের পবিত্র নাম অন্তর্ভূক্ত করা হয়েছে। নিম্নে উল্লেখিত ২৮ জন বুদ্ধের নাম উল্লেখ করা হল।

১।	সম্যক সম্বুদ্ধ	তৃষ্ণাঙ্কুর	১৫।	সম্যক সম্বুদ্ধ	সুজাত
২।	,, ,,	মেধঙ্কর	১৬।	,, ,,	প্রিয়দর্শী
৩।	,, ,,	দীপঙ্কর	১৭।	,, ,,	অর্থদর্শী
৪।	,, ,,	শরণঙ্কর	১৮।	,, ,,	ধর্মদর্শী
৫।	,, ,,	কৌন্ডন্য	১৯।	,, ,,	সিদ্ধার্থ
৬।	,, ,,	সুমঙ্গল	২০।	,, ,,	তিষ্য
৭।	,, ,,	সুমন	২১।	,, ,,	ফুস্য
৮।	,, ,,	রেবত	২২।	,, ,,	বিপর্শী
৯।	,, ,,	কপিল	২৩।	,, ,,	শিখি
১০।	,, ,,	অনোমদর্শী	২৪।	,, ,,	শোভিত
১১।	,, ,,	নারদ	২৫।	,, ,,	কুকু সন্ধ
১২।	,, ,,	পদুম	২৬।	,, ,,	কনাগমন
১৩।	,, ,,	পদুমত্তর	২৭।	,, ,,	কাশ্যপ
১৪।	,, ,,	সুমেধ	২৮।	,, ,,	গৌতম

অনন্ত জ্ঞানী সম্যক সম্বুদ্ধ গৌতম বুদ্ধত্ব লাভ করার পর পিতৃরাজ্য কপিলাবস্তুতে ধর্ম প্রচারের জন্য গমন করলে আত্মীয় পরিজনসহ তাঁর একমাত্র পুত্র বালক রাহুল এগিয়ে এসে পিতৃ সম্পত্তি দাবী করলেন। অনন্ত জ্ঞানী বুদ্ধ এ ত্রিতাপ দগ্ধ দুঃখময় ৩১ লোক ভূবনে দেওয়ার মত কিছুই পেলেন না। যাই হোক তিনি দাবী অনুসারে তাঁর লব্ধ জ্ঞান নির্বাণ সম্পত্তি লাভের উপযুক্ত শিক্ষা দিলেন এবং সাথে সাথে রাজ্য শাসনের পরিবর্তে যুগ শাসনের অংশ দিলেন। আরিয়া মিডিঙা যুগ শাসন করার জন্য তিনি ৪৫ টি ধর্ম শাসন এবং ৪৬ টি ক্ষত্রিয় শাসনসহ সর্বমোট ৯১ টি নীতি শিক্ষা দেন। এই নীতিগুলির মধ্যে ২৮ জন সম্যক সম্বুদ্ধের জ্ঞান ও আশীর্বাদ অন্তর্ভূক্ত করা হয়েছে। চাক্‌মা বা চাংমা সম্প্রদায় এগুলোর সমষ্টিকে আগর তারা নামে ধর্মীয় শাস্ত্র ও পারিবারিক রীতিনীতিতে অন্তর্ভূক্ত করেছে যা সহস্র বৎসর যাবত তারা অনুসরণ করে এসেছিল। অষ্ট বিংশ শতাব্দীতে চাকমা রাণী কালিন্দীর সময় চাক্‌মারা থেরবাদ হতে হীনযান পন্থী বৌদ্ধ ধর্ম অবলম্বন করায় বর্তমানে সে নীতিগুলো ধর্মীয় কাজে আর

ব্যবহৃত হয় না। তবে সামাজিক রীতিতে সেগুলো এখনো বহুল প্রচলিত আছে। এ তারাগুলো কোনটি কোন সময় ও কোন কাজে ব্যবহৃত হয় তা নিম্নে সংক্ষেপে আলোচনা করা হল।

১) কর্ম ফুলু তারা ঃ মৃত লোকের উদ্দেশ্যে দান দক্ষিণা দেওয়ার সময় এ তারা ব্যবহৃত হয়। ইহার দ্বারা কাশ্যপ বুদ্ধের প্রসংশা করা হয়েছে।

২) নতিক তারা বা বড় নিদিং তারা ঃ ইহাতে জ্যোতিষ শাস্ত্রের ব্যাখ্যা দেওয়া আছে। এ তারায় মেধঙ্কুর বুদ্ধের গুনগান গাওয়া হয়েছে।

৩) তনিক তারা ঃ চাকমা ভেষজ ও তান্ত্রিক শাস্ত্রে এ তারা ব্যবহৃত হয়। তৃঞ্চাঙ্কুর বুদ্ধের গুণ বর্ণনা করা হয়েছে।

৪) পুকিরি তারা ঃ যুগ সিদ্ধি সাধনায় এ তারা ব্যবহৃত হয়। ইহার দ্বারা শরণংকর বুদ্ধের গুণগান গাওয়া হয়েছে।

৫) রাকম ফুলূ তারা ঃ ইহার দ্বারা ধার্মিক রাজার রাজ্য শাসনের নীতি শিক্ষা দেওয়া হয়। সুমেধ বুদ্ধের গুণ বর্ণনা করা হয়েছে।

৬) আরিষ্য নামা তারা ঃ গৃহী ধর্ম পরিচালনা নীতি বর্ণনা করা হয়েছে এ তারায়। দীপঙ্কর বুদ্ধের গুণগান গাওয়া হয়েছে।

৭) মালেন তারা ঃ আরিয়া মিডিঙা যুগে কিভাবে লোকজন ধর্ম কর্ম করবে এবং যুগ ধর্ম হিসাবে তখন কি কি লক্ষণ পরিলক্ষিত হবে তার বর্ণনা দেওয়া হয়েছে। মৃত্যুর পর কিভাবে মৃতদেহ সৎকার করে প্রেতাত্মা উদ্ধার করা হয় তার ব্যাখ্যা দেওয়া হয়েছে। তিস্য বুদ্ধের গুণ বর্ণনা করা হয়েছে।

৮) আনিজ তারা ঃ মৃত্যুর পর কেহ নরক বা অপায়ে গমণ করলে তাকে উদ্ধার করার মন্ত্র। চাকমা রীতি "ভাদ্যা পূজার" সময় এ শাস্ত্র ব্যবহৃত হয়। রেবত বুদ্ধের গুণগান গাওয়া হয়েছে।

৯) সাদেংগ্রী তারা ঃ চাকমা জাতির আদি ধার্মিক রাজা প্রাতঃস্মরণীয় সাদেংগ্রী স্বশরীরে এ মন্ত্র দ্বারা স্বর্গে গমন করেন। তাই কোন রাজার মৃত্যু হলে তার সৎকারের সময় এ তারা ব্যবহৃত হয়। ফুস্‌স বুদ্ধের গুণগান গাওয়া হয়েছে এ তারায়।

১০) বড় কুরুক তারা ঃ আদিকালে বাঘ, ভালুক ও হিংস্র প্রাণী বশ করার জন্য এ মন্ত্র পড়া হয়। কন্ডুন্য বুদ্ধের নাম শরণ নেয়া হয়েছে এ তারায়।

১১) ছোট কুরুক তারা ঃ হিংস্র প্রাণী বশ করার কাজে এ মন্ত্র ব্যবহৃত হয়। সুমঙ্গল বুদ্ধের নাম এ তারায় আছে।

১২) চান্দিমা তারা ঃ শ্মশানে চাদোয়া টাঙ্গানোর সময় এ মন্ত্র পাঠ করা হয়। শোভন বুদ্ধের নাম শরণ করা হয়েছে এ তারায়।

১৩) পুদুম ফুলু তারা ঃ মৃত লোকের উদ্দেশ্যে পিন্ড দান। মৃতাত্মা স্বর্গে গেলেও পিন্ডু পেয়ে সে সুখী হয়। পদুম বুদ্ধের গুণগান গাওয়া হয়েছে।

১৪) পুতুম ফুলূ তারা ঃ মানবের মনোবাসনা পূরণ করা হয় এ তারার দ্বারা। পুদুমুত্তর বুদ্ধের গুণ বর্ণনা করা হয়েছে এ তারায়।

১৫) সাহস ফুলু তারা ঃ ইহকালে কুকর্মের ফলে মৃত্যুর পর কেউ প্রেত হলে তাদের মুক্ত করা হয়। শিখি বুদ্ধের নাম অন্তর্ভূক্ত করা হয়েছে।

১৬) চাঙ্গি ফুলু তারা ঃ পাপের ফলে যারা পশু পাখী হিসাবে পুনর্জন্ম গ্রহণ করেছে তাদের উদ্ধার করার জন্য এ মন্ত্র পাঠ করা হয়। সুমঙ্গল বুদ্ধের গুণগান গাওয়া হয়েছে।

১৭) সুভদিছা তারা ঃ চাক্মাদের জ্ঞাতি উদ্ধার "ভাদ্যা" পূজা অনুষ্ঠানের সময় এ তারা পাঠ করা হয়। ছোট শিশুরা যারা শিশুকালে খুবই কান্নাকাটি করে তাদের শান্ত করার জন্য "এদা" ডাকা পূজার সময়ও ইহা পাঠ করা হয়। সুমন বুদ্ধের নাম শরণ নেওয়া হয়েছে।

১৮) জিয়ন ধরণ তারা ঃ ছোট শিশু "এদা" ডাকা পূজা অনুষ্ঠান ও "ভাদ্যার" সময় এ মন্ত্র পাঠ করা হয়। প্রিয়দর্শী বুদ্ধের জ্ঞান।

১৯) সীগল মঙ্গল তারা ঃ মানুষের গ্রহদশা, ফাঁড়া ইত্যাদি এ মন্ত্র দ্বারা কাটানো হয়। নিজের এবং পরিবারের জন্য এ তারা খুবই উপকারী। সুজাত বুদ্ধের জ্ঞান।

২০) চেরাগ ফুলু তারা ঃ এ তারার মন্ত্র পড়ে মৃত লোকের উদ্দেশ্যে দান-দক্ষিণা দিলে দান সিদ্ধ হয়। ধর্ম দর্শন বুদ্ধের শরণ গ্রহণ করা হয়েছে।

২২) দাশা পারামী তারা ঃ জাদি পূজা বা পূর্ব পুরুষদের উদ্দেশ্যে পিন্ড দানের সময় এ তারা পাঠ করা হয়। গৌতম বুদ্ধের গুণ বর্ণনা করা হয়েছে।

২৩) তৃপু তারা ঃ চাকমা "ভাদ্যা" পূজার সময় যে কেউ মূর্ষাহত হলে তাকে ইহা পড়িয়ে শুনানো হয়। ফলে তার পুনরুত্থান হয়। অনোমদর্শী বুদ্ধের জ্ঞান।

২৪) আংগারা তারা ঃ ইহাতে ১৫ টি সূত্র বা গাথা আছে। শীঘল মঙ্গল তারার সাথে এ গাথা পড়া হলে অপদেবতা, যেমন- ভুত, প্রেত, দেউ, দৈত্য ইত্যাদি গ্রাম ছেড়ে যায়। মানুষের ফাঁড়া দশা কাটানোর জন্যও এ মন্ত্র পাঠ করা হয়। সিদ্ধার্থ বুদ্ধের জ্ঞান।

২৫) বুজঙ্গ তারা ঃ এ তারায় ৮ টি গাথা আছে। ইহার দ্ব ারা বাঘ বশ করা যায়। কুকু সন্ধ বুদ্ধের জ্ঞান।

২৬) জয় মঙ্গল তারা ঃ ইহাতে ২০ টি গাথা আছে। ইহার দ্বারা রণে, বনে, স্থলে, মামলা মোকদ্দমায় মঙ্গল হয়। নারদ বুদ্ধের জ্ঞান।

২৭) বোদ্যঙ্গ তারা ঃ এ মন্ত্র দ্বারা রোগ ব্যাধি হতে মুক্ত থাকা যায়। ইহাতে ৩ টি গাথা আছে। বিপশী বুদ্ধের জ্ঞান।

২৮) উদাং প্রামি তারা ও চাক প্রামী তারা ঃ ইহাতে ৪৩ প্রকার কর্মফলের জাজ্জ্যল্যমান প্রমাণ, ধর্মরত্ন ও বুদ্ধদেবের অমিয় বাণী ব্যাখ্যা প্রদান করা হয়েছে।

[illegible]
[illegible]

[illegible]
[illegible]

১। [illegible]
[illegible]
[illegible]
[illegible]

২।। [illegible]
[illegible]

৩।। [illegible]
[illegible]
[illegible]

৪।। [illegible]
[illegible]

৫।। [illegible]
[illegible]
[illegible]

৬।। [illegible]
[illegible]
[illegible]

৭।। [illegible]

মালেনত্রা অর্থসার

[illegible]

S. No-1 Gatha, Malen Tara MARGA gatha ba Mukta.

(Composed in Roman Scripts)

Si Nama tessa Bagauato, Arakato, Sangma sang budha, Namateisu Ti Ti, (Aai Nam Teje, (Vagaban, Arakat, Mukti Sangha Buddha).

No-1. Adi gatha, Malentra, Parsi Vas

1. Tama Peynaye, Dipbesu, Kimruba, Jala, Pada, Kamajaso menai tebuse, Kalaga, Dipbekan, Kinrupa, Menangche, Kamjagamen, Tente.
2. Maleyang, Dewata, Teru, Padiya, Chendi Aai Prumma, Malente, Ajinga, Tungse Plemma.
3. Chuteru, Purbalang, Chamaye, Putuma, Malente, Ajinga, Khenang tabu, Cheichase, Aakaite, utaiyang, Sayenang, parinang, Patijanagkto, Tungra Marai, Dedaigai.
4. Ghaisen, Suchyang, Kerangne, Dasagnai, Pensag chioarang, Matayang, Saimaitese, Clipuduk, Samujcluya nya, Alutang, Laidededagi.
5. Tangkama, Pindeyang, Papbesi, Sumutaise, Clnipudak, Saimaiclwye, Alutang, Gaide dedagai, Tangkhama, Pindiyang, Pupbesi, Tangkama, Menche, Tenyaiyak.
6. Saimkam, Chaise, Aung grong, Plema, Tangkha nao Lakku, Dhali Dhamna, Pureyechu Teya, Chmsa, Chai,

Chai, Che, Atongwa, Khai, Khai Che, Khamrata, Chaiche, Khailecha, Ajinga.

7. Matra, Ubatra, Karandi, Nudhttang, Kama, Kana, Kraik, Plemna, Tasmikale, Mappai, Esangse, Pukkeita, Aaibak Aksa, Aungrang, Sang lang Taise, Plemma.
8. Gakkang, Srangketo, Samutaiche, Sarubalagse, Plemma, Trayanse, Traiyang reisa, Sendriyang, Ruppangdisu, Aai Gachena, Eclingei, Chaise, Rakhene, Upasang, Pensang, Alutang, Hibuluk, Dadagoda, Uchenapg, Chipuduk, Aai Maiche, Aai Climdhu, Echim, Sadukke Plemma.
9. Chetuyang, Baidaili, Dabayang, Chekkoyang, Mriyutubu, Chaise, Plemma, Tang, tai Rang, Ubasong, Khamito, Aai Aung grang, Arapate, Purummu, Malentre, Ajingai, Ynam, Ara pabang, Khapi, Laiyang, Dadagata.
10. Tani petani, Rupbalang, Upabaniketu, Aaise, Paise, Kriyu, Pensang, gaine, Dadagahe, Terechya, Upasangkamito, Pruma Lente, Ajinga, Aaiche, Paiche, Kriyapesang, aaine, Dadagato.
11. Dalidhamna, Dowamenti, Kyamrata, Chaise, Aai plemm, Tengyayak, Plelang, Dhajmgyak, Chekamma, Tasami, Kalevaoye, Sajadlm, Ang grang, Arapate plelang, Bnjiyak, Chekamma, Jadi, Siddhi chai Su, Su, Aappeng, Tetangse, Aaiplete, Tateng gang.
12. Aappengti, Chimse, Aaiplete, Talengang.
13. Aapengte, Yanraiche, Aai plete, Taleng, gang.
14. Gainang, Kenangchya, Jadiyang, Aaug, Grang, Arapate, Aai, Plete, Talenggang.
15. Dalidhama, Bawamendi, Rumurakche, Aai plete, Telengang, Chungyache, Aai plete, Telengang, Kyamrat, Chaise, Aai plete, Telengang, Plelang, Bujiyak, Chakamma.

মালেন তারা গাথা পড়ার নিয়মঃ-

প্রচীন চাকমা ধর্মগ্রন্থ আগরতারা পঠনের সময় ধর্ম গুরুরা প্রথমে ‘‘নমো তস্‌স বগবতো অরহতো সম্মা সম্বুদ্ধস্‌স্’’ মন্ত্র উচ্চারণ করেন। তারপর বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে একটা সুরে গাথার প্রতিটি অক্ষর স্পষ্ট উচ্চারণ করেন। চাকমাদের বিশ্বাস- মানুষ নানা ভাবে মৃত্যু বরণ করে থাকে। ধর্মীয় আচরণের অভাব হেতু অনেকে সৎজ্ঞান নিয়ে মরে না। তাই মৃত্যুর পর তারা অপায়ে গমণ করে। মৃত্যুর পর একটা নির্দিষ্ট নময়ের মধ্যে মৃত দেহের সামনে বা শ্মশানে মৃত ব্যক্তির আত্মাকে আগরতারা ভাষায় বর্ণিত ‘‘মৃত লোক আহবান মন্ত্র’’ দ্বারা আহবান করলে সেই মৃত আত্মা পরপার হতে এসে শবদেহে আশ্রয় নেয় এবং পবিত্র মন্ত্র শুনে সে সদগতি লাভ করে।

-o-

১নং মার্গ গাথা বা মুক্তি

মৃত লোককে পড়ে শুনালে যমের তাড়না হয় না।
নমোঃ তস্‌স ভগবাতো আরাহতো সম্মা সম্বুদ্ধস্‌স্

১) ভগবান সম্যক সম্বুদ্ধের সেই নাম তেজে ভগবান গৌতম তাবতিংস স্বর্গ হতে পৃথিবীতে জন্ম লাভ করে সুদীব্য প্রাপ্ত হন। লোকের রোগ-ব্যাধি, জ্বালা-যন্ত্রণার উপসম করান। তাদিগকে কলি কালের যন্ত্রণা ভোগ হতে মুক্তি দেন।

২) স্বয়ং ভগবান মালেনত্রা দেবপূত্র তেরুকে জীবকুল উদ্ধারের জন্য পৃথিবীতে পাঠিয়েছেন।

৩) সাধু তেরু পূর্বকালে বুদ্ধের সাধন করে মালেনত্রা জ্ঞান লাভ করেছেন। বুদ্ধের নিকট জ্ঞান রত্ন লাভ করেছেন। রাহুল বুদ্ধের নিকট হতে উত্তরাধিকার সম্পত্তি চেয়েছেন।

৪) বুদ্ধদেব চিন্তা করে সাধন সিদ্ধির জ্ঞান হিসাবে অর্ধেক অংশ দিলেন। অপর অর্ধেক অংশ হিসাবে সমস্ত ত্রিপিটক শাস্ত্র লিখিতভাবে দিলেন।

৫) পৃথিবীর লোকজন পাপে পরিপূর্ণ। বুদ্ধের নির্দেশিত পঞ্চশীল পালন ও মৃত লোকের উদ্দেশ্য পিন্ডদান করলে দুঃখ হতে মুক্ত হওয়া যায়। পাপীগণ ত্রাণ পায়।

৬) অরাযুগের সময় কোন শাসন থাকবেনা। ধর্ম অধর্ম পরিচয় থাকবে না। ঐ সময় যারা পঞ্চশীল পালন করবে তারা মুক্তি পাবে। পাপীগণ নরকে যাবে। এ কথা ভগবান বলেছেন।

৭) সে সময় মানবগণ দান ধর্ম করে ত্রাণ পাবেন। মাতৃ-পিতৃ সেবা জাদি পূজা, পূর্বের নিয়মনীতি অনুসারে ভক্তি ভরে বুদ্ধের নাম স্মরণ করলে সমস্ত দুঃখ কষ্ট হতে মুক্ত হওয়া যাবে।

৮) গাইকংগ্রাং এ সমস্ত গুণ পেলে মুক্তি পায়। পরম গজেন অর্থাৎ ভগবান, সংঘা অর্থাৎ রাউলীদের জন্য ত্রিপিটক রত্ন দিয়েছেন যা আরিয়া যুগে তারা উহার দ্বারা পাপীদের উদ্ধার করবেন।

৯) বুদ্ধদেব মালেনত্রা জ্ঞান সাধন করার পর পাপীগণকে আং গ্রাং অরাযুগে অকাল মৃত্যুর হাত হতে ত্রাণ করবেন তা সংখা বা রাউলীকে শিক্ষা দিয়েছেন।

১০) সেই মহা অরাযুগে আরিয়া মিডঙা যুগে ধর্ম যখন অবলুপ্ত হবে তখন কিভাবে ত্রিশরণ স্মরণ করে রাউলীরা যুগ শাসন করে তা ভগবান মালেনত্রা কৃপা করে শিক্ষা দিয়েছেন।

১১) দান, ধর্ম ও ভাবনা করলে ঐ কালে তার ফল প্রাপ্ত হয়। আংগ্রং অরাযুগে জন্ম হয় না। সিদ্ধিলাভ করে স্বর্গে গমন করে।

১২) আগামীতে ভগবান পাপিগণকে শাস্তি দেওয়ার জন্য অরাযুগ সৃষ্টি করবেন। তখন যারা জন্মাবে তারা ভূক্তভোগী হবে।

১৩) তখন আত্মাকে ন্যায় পথে পরিচালনা করে দুঃখ হতে মুক্তি পাবে।

১৪) মৃত্যুর পর কেউ প্রেতলোকে গেলে এ মন্ত্রগুলো দ্বারা প্রেতগণ দুঃখ কষ্ট হতে মুক্তি পাবে।

১৫) এ নীতি পালন করলে ক্রোধকে বেঁধে রাখলে এবং ক্ষমাকে রাজা করে যারা চলবে তারা মুক্তি পাবে।

-0-

মালেনত্রা অর্থসার



No- 2. Malentra, BAGALI GATHA, Malentra Vas, Parsi.

1. Chui-e-di, Pidanang, Karadi, Karechindi Eyang gadama Agang, Kyamrat, Chaise, Khailes, Ajinga, Aaitangda, Chaiche, Kenang tang, Aaichase, Redagata, Regataitaiynaiche, Chekama.
2. Aai Menang, Palba, Dhanenaya, Jadi, Siddhi, Chai Chuja, Malidu, Kin, Nachanamami, Plemma, dali, dalai, Bende, Maleyang, Debata, Teru, Ebuluk, Mappaiwa.
3. Matapitami, Pesunyai Claungyak, Gaitalaitachi, Aai Changse, Chekmma, Sudali, Dakkang, Pureyasn, Aai Dipidanang che, Chekmma, sudali, Dakkang, Pureyasu, Aai Dipidanangche, Chekmma, Chudalidakang pureyechuw, Aai dipidang keto, Kyamrata, Chaise Aai pleta, Tengayak, Plelang, Bujiyak, Chekma.
4. Chuteru, Annima, Danaugketo, Prumma, Malente, Ajinga, Aaiche, Paiche, Kriyu, Pensang, Gaigna, Dadagata.

২ নং বগলি গাথা

এ মন্ত্র দ্বারা মাতা পিতার উদ্দেশ্যে জাতি পূজা করে দিলে মৃত মাতা পিতা উদ্ধার হন।

১) একামনে মৃত মাতা পিতার উদ্দেশ্যে জাদি পূজা বা পিন্ড দিলে মাতা পিতা উদ্ধার হন। বুদ্ধের দেশনা মৃত লোককে শুনালে সে ত্রাণ পায়। অরাযুগে ও দুঃখ কষ্ট হতে ভগবান রক্ষা করেন।

২) পূর্ব বুদ্ধের নাম পরিশুদ্ধ মনে স্মরণ করলে এবং দান দক্ষিণা দিলে ভগবান মালেন তারা রাহুল জ্ঞানে ইহলোক হতে মুক্তি পায়। জাদি পূজার ফলে সাধন সিদ্ধি হয়ে মালেন দেবতা তেরু মুক্তি দেন।

3) মাতা পিতার নামে দান দক্ষিণা দিলে সেইকালে সংসারের দুঃখ কষ্ট হতে মালেনত্রা রক্ষা করে। ভগবান বুদ্ধ কৃপা করে দ্বিতীয় যুগে পাপ হতে মুক্তির জন্য পঞ্চশীল শিক্ষা দিয়েছেন।

-০-

মালেনত্রা অর্থসার



মালেনত্রা অর্থসার



No-3. Gada, ANNUDHAN GATHA, Agartra Vas, Parchi.

1. Anumudhang, Karandi, Ayang gada, Malagang, Aai Changa yakche, Chaitangase, Chekama, yung yung huyabs, Pantatang, Daipendenang, Dendige.
2. Tesu, Kammbi, Bakenang, yatai, Ayshu, Uru, Aar, Samech jaladu, Plechuniyang, Dailai Kong Badailaikang, Hite Kakang Gaichanang, Aang, Grang, Timitang, Ajiusu.
3. Yang, Yang Dhamang, Aludatang, Oipenchenag, Silenang, Aaichingirai, Ynayak, Sere Dagare, Dendige, Aaichangse, Chekamma, Tesa, Kammyabi, Bakenang, Techu, Chula, Kamabi Bakaicha, Palatenang, Aaimache, Punngaman, Kussalang, Aai Bukk, Mappai owa.
4. Yatalaichu, Aruara, Chamesa, Jahdu, Plesu nayang, suteru, Anna Mudanang, Keto, Aaipruma, Malente, Ajinga, Aaiche, Maiche, Kriya, Penchang, gaina, Dadagata.
5. Ayany, Samma, Simatesi, Aaiche, Maiche, Kevuplage, Kechumma, Himani, Gaitani, rupbalang, Pupbani, Keto, Rainang, Aaiche, Poche, Kriya, pensang, Gaiche, Dadagata, Midinnya, menche, Aarapabang, Lamda, Chusa, Udha, Ubak, Siddiypmg Aai Sangayase, Dennaite, Tenenga.
6. Parasengkha, yangvang, Budipapang, Muktenga, Tanyabudusa, Tapeto Utaubaya owadhama, Sekhang, Supben tenga, Tangs budhucha, Tapito, Gaitami, Tanamni, Aaiche, Pose, Kriya, pensug gaida, Dadagata.
7. Vagawato, Dakhina, Dodesyai, Chulamuni, Siddhiang, Puse, chame Samma, Chimatesi, Parachongkha,

Tatirei, Tekami, Yamatatang ynase, Chulamuni, mense, Pututang, Pujareche, Arapabang, Ynase, Plemma.

8. Simatessya, Sammoni, Nadrwa, "Keray, Lagese, Chai, Chai, Chaise Adongwa, Agasqng, Abua, Agongto", Ang grang, Pailong, Dadagata, Tawatinsu, Vawane, Kajanong, Kisanang, Parisetang, shei Purato Gaidesi, Tawatinsu, Kamente, Yazunang, Gaisayang, Parisetang, Hatala mtaise, Plemma.
9. Suteru, Yazanang, Pairnedalong, Chmlamoni, Siddhiyang, Dissho, Aai Prumma, Amlente, Azinga, "Yazanong, Edadanag, Ebulang, Dadagata, Chummanang, Owasampadi, owato, Aai Chimdu, Hisim, Sadake, Plemma.
10. Vagwato, Siddhiyang, Padaiki, Nareketr Parasongkha, Pututang, Aai Sase, Pose, Kriyo, Pensang, Puzavese, Plemma, Hetai, Sakku, Dewaraja, Terungdisus, Aaisangse, Aakmaite, Sengkrama, Azinga, Rekammi, Aai Prumma, Malenitrai, Ebulang, Dadagat, Tevang Endito.
11. Aangrang, Arapata, Prumma, Malente, Aziuga, Ratynai, Ynammu, Arapabang, Khapilam, Dadagat, Oyendito, Aaikhame, Mangre nishide, Sebanedai, Dadagat, Agapadamte Tungese, Plemma, Sakhu, Dewaraja, Terpuzi Chenkrenmangte, Pumma, Malente, Terang, Ditto, Sensangse, Plemma.
12. Vagawato, Siddhiyang, Oyendi Tayang, Akami, Sindi, Dipuzi, Aai Sangse, Aakmaite, Kameto, Sadang, Azinga, Purasanga, Pututang, Sebasiche, Aang, Grang, Rantai, Basusha, Sensangse, Plemma, Amavende, Akami, Agamidi, Diagang, Prumma, Aai Summa ynaise, Senglisamma.

13. Katha musum, Rajeindi, Aai mangre mamlua, Arapate, Oyensumynaise, seyni Samma, Vend, Aaitamiyang, Oai sadhu Sayangowa, Simangwa, Pensang, Laisayang, Prumma, Kherangpalageshe, Ubesadainit, Telanga.
14. Sapbba, Dewa, Akami, Sindi, Diogang, Mappaiwa, Kamiku, Sadang, Azinga, Oyenditayang, Chugaise, Sengeisamma, Maharaja, Kingku, Ariya, Midingya, Lasdhadi, Sesbadi, Raiyangre, Malense, Arapate.
15. Ariya, Midingya, Baralong, Azinga, Oyensumnyase, Senggisam, Amavenda, Akami, Sindi, Diagang, Mappaise, Kamusadang, Aizinga, Oyen sumaynaise, Sengeisamma, Kasiketo, Lagew, Kerap, Lagese, Chai, Chai, Se, Adongwa.
16. Sakdewaputo, Pes-Ato, Pari praye, pariatto, Rantaise, Kamiko, Sadang, Azing, Ynaise, Kamiko Sadamg, Mappise, Kevup, Lage, Gesumme, Bgawato, Siddhiyang, Siddhiang, yanditayang, Agongto Parisanga, Pututang, Seba, Saiche, Aunggong, Rantai, Dadagata, Hetai Teru, Dewaput, Agasende Nang Dissu, Aai Sangse, Akmaite, Prumma, Melentres, Azinga.
17. Oyen, Sumanyaise, Senyisamma, Dewarajanang Dewaputta, yas Sengre yangse., Sen sangse, Plemma, Ataiteru, Dewaputta, Bindide, Prumma, Tep taise, Kamiko sadang, Azinga Ebumanunaise, Seynisamma, Dewa, raja yang Dewaput, Kamyangu Kamikusadang, Azinaga, Pupbe, Manus, Lukke, Kini Kusalong, Kamma, Agasendi Dipuzi, Akkmse, Aakaite, Lukhente, Menynai, Yakise, pannaman, Sammrcitang, Rantai, Buddu Saha, Sensangse, Plemma.

= 0 =

মালেনত্রা অর্থসার

৩নং অনুদান গাথা

অনুদানের কথন

১) অনুদান গাথা একামনে শুনলে সমস্ত দুঃখ কষ্ট হতে পরিত্রাণ পাওয়া যায়। ইহাতে জাদি পূজা ও পঞ্চশীল পালনের নিয়ম ও উপকারীতার কথা বর্ণনা করা হয়েছে।

২) ভগবান এ পৃথিবীতে তেজবান ও দীপ্তিমান অবস্থায় অবস্থান করেন। সেই তেজে পাপীরা সমস্ত দুঃখ কষ্ট ও জ্বালা যন্ত্রণা হতে মুক্তি পায়।

৩) বুদ্ধ, ধর্ম ও সংঘের গুণে আংগ্রং হতে মানুষ মুক্ত করবেন। ভগবান বুদ্ধের দেশনামতে বিভিন্ন প্রকার দান করলে সে দানের তেজে মানুষের স্বর্গলাভ হবে। সে সময় চুলামুনি বুদ্ধের পূজা হবে। সেই পূণ্য কর্মের ফলে পাপ হতে মুক্ত হয়ে মানুষ স্বর্গলাভ করবে।

৪) অরাযুগের সময় এ সংসারে অসহনীয় জ্বালা যন্ত্রণার উদ্ভব হবে। তখন একে অপরের দুঃখ দেখবেন এবং নিজেও ভূক্তভোগী হবেন। তখন মালেন দেবতা তেরুর আবির্ভাব হবে। জাতি পূজা ও মহাদান করার জন্য মানবগণকে তিনি দুঃখ হতে মুক্তি দিবেন। ভগবান কৃপা করে পেনসাংকে মালেনত্রা জ্ঞান শিক্ষা দিয়েছেন।

৫) এ সংগারং নামের ফলে সমস্ত পাপ হতে মুক্ত হয়ে যায়। দ্বিতীয় যুগে পঞ্চশীল পালনের জন্য ভগবান শিক্ষা দিয়াছেন। পুরক বুদ্ধগণের ধর্ম রত্নের ফলে পাপীরা পাপ হতে উদ্ধার প্রাপ্ত হন। আরিয়া মিডিঙা অরাযুগ হতে মুক্ত করার জন্য ভগবান কৃপা করে সংখাকে যুগ সিদ্ধির মন্ত্র শিক্ষা দিয়েছেন।

৬) পরাসংখা ভগবান বোধিসত্ব লোকের মুক্তির জন্য ধর্ম নীতি শিক্ষা দিয়েছেন। এ ধর্মের অমৃত পান করায় সর্বত্র সুখ শান্তি হয়। পাপীরা মুক্ত হয়ে যায়। বুদ্ধের পঞ্চশীল শিক্ষার ফলে পৃথিবীতে সর্বত্র সুখ শান্তি বিরাজ করে।

৭) দ্বিতীয় যুগে সমস্ত লোকে ভগবান চুলামুনির উদ্দেশ্যে দান দিবে। তার শাসনকালে পরাসংখা থাকবেন। পতুম অরাযুগে মানবগণকে সেবা করবেন। পাপীগণকে শাস্তি দেওয়ার জন্য অরাযুগ সৃষ্টি করবেন।

৮) সে সময় পৃথিবীর সকল নরনারীগণ পাপের দ্বারা বিপদাপন্ন হবে এবং অসহনীয় দুঃখ কষ্ট পাবে। আংগ্রং অরাযুগে আসবেন। সে সময় ত্রিদেবের নাম ভাবনা করলে এবং সেকালে জয়ের নাম শুনলে পরিত্রাণ পাবে এবং মনোবাঞ্ছনা পূর্ণ করে স্বর্গে যাবে। জয়ন্তি নামে সাধুকর্ম করে ও দেবপুরী স্বর্গে যাওয়া যাবে।

৯) সাধু তেরু জয়ন্তি নাম স্মরণ করে পরিত্রাণ পাবে। জয়ন্তি স্বয়ং ভগবান মালেনত্রা। চুলামুনির শাসন কালে দান করে পূঁজিতে হবে, তাঁর নাম স্মরণ করে পূণ্যার্জন করতে হবে। দ্বিতীয় যুগে পৃথিবীতে এসকল নাম নিলে উপযুক্ত ফল প্রাপ্ত হবে।

১০) পৃথিবীর নরগণকে মুক্ত করার জন্য ভগবান সিদ্ধার্থ জন্ম নিয়েছেন। তিনি কৃপা করে সংখা পরাকে পঞ্চশীল পালনের জ্ঞান দিয়েছেন। নরগণ তা পালন করে সুখী হবেন। তখন দেবরাজ ইন্দ্র দশ প্রকার ভয় দেখাবেন। নানা প্রকার দুঃখ কষ্টে ফেলবেন। কিন্তু ভগবান ইতঃপূর্বে সে দুঃখ কষ্ট হতে মুক্ত হওয়ার জন্য মালেনত্রা জ্ঞান দিয়েছেন। ফলে সে সময়ে এ জ্ঞানের দ্বারা লোকজন অরাযুগের কষ্ট হতে রক্ষা পাবে।

১১) ভগবান ইতঃপূর্বে এ মালেনত্রা জ্ঞান শিক্ষা দেন। দ্বিতীয় যুগে মহা অরাযুগ অতিবাহিত হয়ে যাওয়ার সময় রাহুল ধরাধামে এসে রাষ্ট্র ধর্ম প্রচারের মাধ্যমে জনসেবা করবেন। সে সময় দেবরাজ ইন্দ্রের শাসনে পাপীগণও এ মালেত্রা জ্ঞানে রক্ষা পাবে।

১২) ভগবান বুদ্ধের এ মত প্রচার আগামী যুগে খুবই পুজিত হবে। বুদ্ধের অনুসারী সংঘরা এসময় ধর্ম প্রচারের জন্য মর্ত্যধামে আগমন করবেন। বুদ্ধের সাধন জ্ঞান দ্বারা বুদ্ধ পুত্র সংখা এ বসুমতি মাঝে চেনচাংগে হবে সে সময়।

১৩) বুদ্ধের যুগ হাজার বৎসর অতিবাহিত হলে পৃথিবীর সকল রাজ্যে অরাযুগ দেখা দিবে। রাজ্যে রাজ্যে যুদ্ধ হবে। সেকালে ও সেসময় সাধুগণ যারা পঞ্চশীল পালন করেন তাদেরকে ভগবান উদ্ধার করবেন। পাপীগণ যারা মৃত্যুবরণ করেছে তারাও সেসময় মুক্তি পাবে।

১৪) আগামীতে ভগবান মুক্তি পথ দেখাবেন। সেকালে ভগবান কাম সাধন সিদ্ধি করেছেন। আরিয়া মিডিঙা যুগে মহারাজা কিনাকু শেষ পর্যন্ত মুক্তি পথ দেখাতে সাহায্য করবেন।

১৫) সে সময় আরিয়া মিডিঙা যুগে বুদ্ধ পূত্র রাহুল বুদ্ধদেবের সাধন সিদ্ধি জ্ঞান লাভ করায় আগামী দ্বিতীয় যুগে কলি কাল থেকে পাপীগণকে মুক্তি দিতে আসবেন। ইতিপূর্বে ভগবান কাম সিদ্ধি লাভ করেছেন তাই সে জ্ঞান দ্বারা চোর, দুষ্ট ইত্যাদি পাপীগণকে মুক্ত করবেন। বুদ্ধ পূত্র সংখাগণকে এ কাজে নিয়োজিত থাকার জন্য বুদ্ধ শিক্ষা দিয়েছেন।

১৬) সাক্কু দেবপূত্র মালেনত্রা জ্ঞান পেয়েছেন। বুদ্ধের কাম সাধন সিদ্ধি জ্ঞান দ্বারা পাপীগণকে মুক্ত করবেন। সূর্যের তেজের মত সাধনা জ্ঞানের তেজে পাপীগণ আলোকিত। সে সময় তারা মুক্তি পাবে। বুদ্ধপূত্র সংখা সমস্ত পৃথিবীব্যাপী নরগণকে শিক্ষা দিবে এবং তাদের পালন করবে। দ্বিতীয় যুগের শেষভাগে

দেবপুত্র তেরু অরাযুগের সাথে যুদ্ধ করে পরাজিত করবেন। তাঁর সময় মালেনত্রা জ্ঞানে জগতে সুখ শান্তি ফিরে আসবে।

